

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.৯১০০.০৪২.১৪.০৮৬.২৪.৩৮৮

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২
১১ মার্চ ২০২৬

বিষয় : ফেনী জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩২০.২৮ লক্ষ (তিন কোটি বিশ লক্ষ আটশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১২১টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : স্মারক নং-৪৬.২০.৩০০০.০০০.০০২.১৪.০০৭(৪)২৫-৩১১, তারিখ: ০২/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে ফেনী জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩২০.২৮ লক্ষ (তিন কোটি বিশ লক্ষ আটশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১২১টি প্রকল্পের মধ্যে নিম্নবর্ণিত ছকের ২নং কলামে উল্লিখিত ২টি প্রকল্পের বিষয়ে উক্ত ছকের ৪নং কলামে চাহিত তথ্যসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

ক্রম	প্রকল্প তালিকার ক্রমিক	প্রাক্কলিত ব্যয়ে (লক্ষ টাকায়)	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)
১.	১১ ও ১২	৪.০০	বর্ণিত প্রকল্প দুইটির মালিকানা ও কার্যক্রম সম্পর্কিত কোনো দালিলিক তথ্য ও প্রমাণক প্রেরণ করা হয়নি। এছাড়া, উল্লিখিত প্রকল্পের রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য নেই। তাই উল্লিখিত প্রকল্পের কার্যক্রম, মালিকানা ও রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রয়োজন।

০২। উক্ত প্রকল্প ২টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১২১-০২)=১১৯টি প্রকল্প (৩২০.২৮-৪.০০) = ৩১৬.২৮ লক্ষ (তিন কোটি ষোল লক্ষ আটশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়ন: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

ই-মেইল: lgzp@lgd.gov.bd

বিতরণ:


১. প্রশাসক, জেলা পরিষদ, ফেনী;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।

নম্বর : ৪৬.০০.৯১০০.০৪২.১৪.০৮৬.২৪.৩৮৮/১(৬)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২
১১ মার্চ ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম;
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব